গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
৩০, চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭

অফিস আদেশ ।

ফরিদপুর জেলার মধুখালী উপজেলাধীন কাজী সিরাজুল ইসলাম নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়টিকে (৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত) নিম্নবর্নিত শর্তে ১-১-২০০২ইং তারিখ হইতে ৫(পাঁচ) বৎসরের জন্য অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হইল। উল্লেখ্য বিদ্যালয় কর্তৃপক্ষ সরকারী অনুদান দাবী করিবেন না এইমর্মে অংগীকার নামা প্রদান করায় এই স্বীকৃতির ফলে সরকারের উপর ইহার কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না।

শর্তাবলীঃ

১। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমানিত হইলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হইবে।
২। গার্ল গাইডস দল রেজিষ্ট্রেশন করিতে হইবে।
৩। লাইব্রেরীর বইয়ের সংখ্যা এক হাজারে উন্নীত করিতে হইবে।
৪। বিদ্যালয়ের শিক্ষার মান উন্নীত করার লক্ষ্যে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা প্রস্তুত করিয়া শ্রেণীতে পাঠদান করিতে হইবে।
৫। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান গাইডিং ইত্যাদি) পরিচালনা করিতে হইবে।
৬। বিদ্যালয়ের চারিপাশে মুল্যবান ফলজ ও বনজ বৃক্ষের চারা রোপন করিয়া সংরক্ষনের ব্যবস্থা করিতে হইবে।
৭। জুনিয়র বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ২০% পরীক্ষার্থীকে অংশ গ্রহণ করাইতে হইবে এবং ৭০% পরীক্ষার্থীকে উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।
৮। প্রশিক্ষণ বিহীন শিক্ষক/শিক্ষিকাগনকে পর্যায়ক্রমে প্রশিক্ষন গ্রহণ করিতে হইবে।
৯। পত্র ইস্যুর তারিখ হইতে ১(এক) মাসের মধ্যে এড-হক কমিটি গঠন করিয়া অনুমোদন পূর্বক ৬(ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করিতে হইবে।

স্বাক্ষর/ মোঃ রেজাউল করিম
উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নং- ১৬২১/৫ তাং- ২৬ / ১২/০২ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। তাঁহার স্মারক নং-৩এম-৩৬৭ম/২০০২/২০২৪৬-ম/২ তাং ২২/১২/২০০২ইং মোতাবেক।
২। জেলা প্রশাসক, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৫। প্রধান শিক্ষক, কাজী সিরাজুল ইসলাম নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাক-সমাধিনগর, উপজেলা-মধুখালী, জেলা-ফরিদপুর।

২৬/১২/০২
( হাসিনা জাহান )
বিদ্যালয় পরিদর্শিকা
পক্ষে/ উপপরিচালক

২৬/১২/০২